



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
www.fireservice.gov.bd



স্মারক নং-মপদ/এফএসসিডি/অপাঃ/প্রঃ/১৮৮/০৭/ ২৭৪৭

তারিখঃ ২৫/০০/বঙ্গাঃ ১৪২২
০৮/০২/২৬/ঐঃ

সেবা সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আধা সরকারী, স্বায়ত্তশাসিত ও বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে নিম্নবর্ণিত সেবাসমূহ গ্রহণ করা যেতে পারেঃ

- ০১. প্রশিক্ষনঃ** অগ্নি প্রতিরোধ, নির্বাপন, প্রাথমিক চিকিৎসা ও জরুরী উদ্ধার বিষয়ে ২ দিন ব্যাপী প্রশিক্ষন প্রদান। একটি প্রশিক্ষন কোর্সে সর্বাধিক ৪০ জন কর্মকর্তা/কর্মচারী অংশগ্রহণ করতে পারবেন। কোর্স ফি- ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং সফলভাবে কোর্স সমাপনান্তে অনলাইনের মাধ্যমে সনদপত্র প্রদান করা হবে।
- ০২. অগ্নিকান্ডের ঝুঁকি নিরূপন ও পরামর্শ প্রদানঃ** আবেনকারীর প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করে অগ্নিকান্ডের ঝুঁকিসমূহ নিরূপন ও পরামর্শ প্রদান করা হয়। এক্ষেত্রে ফি- ৫০০০/- (পাঁচ হাজার) টাকা।
- ০৩. যৌথভাবে জরুরী বহির্গমন মহড়া পরিচালনাঃ** আবেনকারীর প্রতিষ্ঠানে একটি কৃত্রিম অগ্নিকান্ড পরিস্থিতি সৃষ্টি করে প্রতিষ্ঠানের নিজস্ব কর্মী-সরঞ্জাম এবং স্থানীয় ফায়ার সার্ভিসের গাড়ী/পাম্প ও জনবল সম্পৃক্ত করে যৌথভাবে বাস্তব মহড়া সম্পন্ন করা হয়।
- ০৪. এক্ষেত্রে ফি-**
 - (ক) ৬ তলা ভবন পর্যন্ত- ৬০০০/- (ছয় হাজার) টাকা
 - (খ) ৬ তলার উর্দে- ১০,০০০/- (দশ হাজার) টাকা।


অধিকন্তু ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের টিটিএল (টার্ণ ট্যাবল লেডার), মোরকাল এবং বিভিন্ন ধরনের স্পেশাল ড্যাংক্যাল এর জ্বালানী ও মেইনটেনেন্স বাবদ ক এবং খ এ উল্লেখিত টাকার পরিমাণ ছাড়াও অতিরিক্ত- ১০,০০০/- (দশ হাজার) টাকা পরিশোধ পূর্বক উক্ত ড্যাংক্যাল মহড়ার কাজে অংশগ্রহণ করা যাবে, যা সময়ে সময়ে পরিবর্তন যোগ্য।

ফি এর টাকা “ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বেসামরিক প্রশিক্ষন তহবিল” অনুকূলে অগ্রণী ব্যাংক, আগামাসি লেন শাখা, ঢাকা এই শিরোনামে পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা অনলাইনে আবেদন করে ব্র্যাক ব্যাংকের মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করা যাবে।

বিঃদ্রঃ স্মারক নং-মপদ/এফএসসিডি/অপাঃ/প্রঃ/১৮৮/০৭/ ৩২৬৫ তাং-৩১-০৩-২০১৫ ঐঃ মূলে সেবা সম্পর্কিত বিজ্ঞপ্তি রহিতকরন করা হলো।

উল্লেখিত সেবাসমূহ গ্রহণ করে অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপন ও জননিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করুন।

বর্তমানে সেবাসমূহের আবেদন হালনাগাদ নিষ্পন্ন করা সম্ভব হচ্ছে। পরবর্তী কোন তথ্যের জন্য যোগাযোগঃ ০২-২২৩৩৫৫৫৫৫/১৬১৬৩ বর্ষিত-২২৬।



লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী,
এসজিপি, পিএসসি
পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)